



শোলাকিয়ায় বিশ্ব আওলিয়া সম্মেলন

মাদ্রাসা শিক্ষা সঠিক পথ দিতে পারে

শিক্ষামন্ত্রী

কিশোরগঞ্জ জেলা সংবাদদাতা :
শিক্ষামন্ত্রী ডক্টর ওসমান ফারুক মাদ্রাসা
শিক্ষার ওপর গুরুত্ব আরোপ করে বলেছেন,
একমাত্র এই শিক্ষা ব্যবস্থার মাধ্যমেই মানুষ
প্রকৃত ঈমান আকিদা ও নৈতিকবোধ সম্পর্কে
জানতে পারে।

মন্ত্রী কিশোরগঞ্জের ঐতিহাসিক শোলাকিয়া
ঈদগাহ ময়দানে তিনদিনব্যাপী আয়োজিত
বিশ্ব আওলিয়া সম্মেলনে প্রধান অতিথির
বক্তৃতায় এ কথা বলেন। আন্তর্জাতিক
খ্যাতিসম্পন্ন ও ইসলামী চিন্তাবিদ, সংসদ
সুদন্য মাওলানা দেলাওয়ার হোসাইন সাঈদী
সম্মেলনে প্রধান বক্তার বক্তৃতায় বলেছেন,
দেশকে খুন ধর্ষণ ও সন্ত্রাসের হাত থেকে
রক্ষা করতে হলে কোরআনের আইন চালু
করতে হবে।

সম্মেলনে জেলা বিএনপির মুগা আহবায়ক
মাসুদ হিলালী, জেলা জামায়াতের আমীর
অধ্যক্ষ মাওলানা মোহাম্মদ তৈয়বুজ্জামান,
বিশিষ্ট সমাজ সেবক ও রাজনীতিবিদ মোঃ
নাসির উদ্দিন ডুইয়া রতন, মাওলানা আব্দুস
সাত্তার ও মাওলানা আবুল খায়ের মোহাম্মদ
ছাইফুল্লাহ বক্তৃতা করেন। ডঃ এম ওসমান
ফারুক বক্তৃতায় আরো বলেন, বর্তমান
জোট সরকারের বিরুদ্ধে দেশ-বিদেশে
গভীর ষড়যন্ত্র চলছে। এ ব্যাপারে তৌহিদী
জনতাকে সজাগ থাকতে হবে। মন্ত্রী বলেন,
এদেশ হচ্ছে মুসলমানের দেশ, এদেশে
কোন সন্ত্রাসী মুসলমান নেই।

প্রধান বক্তা মাওলানা দেলাওয়ার হোসাইন
সাঈদী বলেন, নৈতিক শিক্ষার অভাবেই
দেশে ধর্ষণ, খুন, সন্ত্রাস বাড়ছে। হযব্বনগর
আলীয়া মাদ্রাসার প্রিন্সিপাল, বিশিষ্ট ইসলামী
চিন্তাবিদ আলহাজ্ব মাওলানা আবুল খায়ের
মোহাম্মদ নূরুল্লাহ সভাপতিত্বে অনুষ্ঠিত
লাখে জনতার এই মাহফিলে।

মাওলানা সাঈদী আরো বলেন, বাংলাদেশকে
বহির্বিশ্বে হেয়প্রতিপন্ন করার চক্রান্ত চলছে,
ষড়যন্ত্র, দেশদ্রোহী একটি বিশেষমহল
বিদেশী ভাড়াটে নিয়োগ করে আজ
বাংলাদেশকে সন্ত্রাসী ও মৌলবাদীদের
আশ্রয় ও প্রশ্রয়দাতা রাষ্ট্র প্রমাণ করার জন্য
মরিয়া হয়ে ওঠেছে।